# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০২

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দু'আ কুনূত পাঠ না করা।

## باب مَا جَاءَ فِي تَرْكِ الْقُنُوتِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، عَنْ أَبِي مَالِكٍ الأَشْجَعِيِّ، قَالَ قُلْتُ لأَبِي يَا أَبَةِ إِنَّكَ قَدْ صَلَّيْتَ خَلْفَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَأَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ هَا هُنَا بِالْكُوفَةِ نَحْوًا مِنْ خَمْسِ سِنِينَ أَكَانُوا يَقْنُتُونَ قَالَ أَىْ بُنَىَّ مُحْدَثٌ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ . وَقَالَ سُفْيَانُ الثَّوْرِيُّ إِنْ قَنَتَ فِي الْفَجْرِ فَحَسَنٌ وَإِنْ لَمْ يَقْنُتْ فَحَسَنٌ . وَاخْتَارَ أَنْ لاَ يَقْنُتَ . وَلَمْ يَرَ ابْنُ الْمُبَارَكِ الْقُنُوتَ فِي الْفَجْرِ . قَالَ أَبُو عِيسَى وَأَبُو مَالِكٍ الأَشْجَعِيُّ اسْمُهُ سَعْدُ بْنُ طَارِقِ بْنِ أَشْيَمَ .

বাংলা

৪০২. আহমদ ইবনু মানী (রহঃ) ...... আবূ মালিক আল-আশজাঈ (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমি আমার পিতা (তারিক ইবনু আশয়াম আল আশজাঈ) কে বললামঃ হে আমার পিতা! আপনি তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর, উমর ও উসমান রাদিয়াল্লাহু আনহুম এর পিছনে সালাত (নামায/নামাজ) আদায় করেছেন। এমনিভাবে এই কূফায়ও আপনি আলী ইবনু আবী তালিব রাদিয়াল্লাহু আনহু এর পিছনে প্রায় পাঁচ বছর সালাত আদায় করেছেন। তাঁরা কি দু'আ কুনূত পাঠ করতেন? তিনি বললেনঃ প্রিয় বৎস, এতো নব আবিষ্কৃত এক কাজ। - ইবনু মাজাহ ১২৪১, তিরমিজী হাদিস নম্বরঃ ৪০২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। অধিকাংশ আলিম এই হাদীস অনুসারে আমল করে থাকেন। ইমাম সুফইয়ান আস-সাওরী (রহঃ) বলেনঃ ফজরের সালাতে দু'আ কুনূত পাঠ করাও ভাল, না করাও ভাল। তবে তিনি পাঠ না করার বিষয়টি গ্রহণ করেছেন। ইবনু মুবারক (রহঃ) ফজরের সালাতে দু'আ কুনূত পাঠ করতে হবে বলে মনে করেন না। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবূ মালিক আল-আশজাঈ-এর পূর্ণ নাম হ'ল সা'দ ইবনু তারিক ইবনু আশয়াম।

## English

Abu Malik Al-Ashjai narrated:
"I said to my father: 'O my father! You offered Salat behind Allah's Messenger (S), Abu Bakr, Umar, Uthman, and Ali bin Abi Talib here in Al-Kufah for about five years. Did they say the Qunut?' He said: 'It is a newly invented matter my son.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবু মালেক আল-আশজাঈ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন